

💵 প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ কংকর নিক্ষেপ رَمْيُ الْجِمَارِ রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৪৬- কংকর নিক্ষেপের সুন্নাত তরীকাগুলো কি কি?

এগুলো নিম্নরপঃ

- (১) মিনায় প্রবেশ করে কংকর নিক্ষেপের আগে অন্য কিছু না করা।
- (২) কংকর নিক্ষেপ শুরু করার পূর্বে তালবিয়াহ পাঠ বন্ধ করে দেয়া।
- (৩) প্রতিটি কংকর নিক্ষেপের সময় "আল্লাহু আকবার" বলা। ডান হাতে নিক্ষেপ করা। পুরুষের হাত উঁচু করে নিক্ষেপ করা। মেয়েরা হাত উঁচু করবে না।
- (৪) কংকরের সাইজ হবে গুলালের গুলির কাছাকাছি বা চানা বুটের দানার চেয়ে একটু বড়।
- (৫) প্রথমদিন সূর্যোদয়ের পরে মারা সুন্নাত।
- (৬) দাঁড়ানোর সুন্নত হলো মক্কাকে বামপাশে এবং মিনাকে ডানে রেখে 'জামারার' দিকে মুখ করে দাঁড়াবে। এরপর নিক্ষেপ করবে। প্রচন্ড ভীড় হলে যে কোন দিকে দাঁড়িয়েও মারতে পারেন।
- (৭) একটা কংকর মারার পর আরেকটি মারা। অর্থাৎ দুই কংকরের মধ্যে বেশী সময় না নেয়া।
- (৮) কংকরগুলো পবিত্র হওয়া মুস্তাহাব। অপবিত্র হলেও তা দিয়ে নিক্ষেপ করা যাবে। তবে মাকরূহ হবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2694

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন